

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
সাটুরিয়া, মানিকগঞ্জ।  
www.saturia.manikganj.gov.bd

স্মারক নং: ০৫.৩০.৫৬৭০.০০০.২৫.০০১.২৪-৫৪৪

তারিখ: ২৭/১০/২০২৫


নিলাম বিজ্ঞপ্তি নং- ০২/২০২৫-২৬ ইং

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মানিকগঞ্জ জেলার সাটুরিয়া উপজেলা পরিষদের নিম্নবর্ণিত ভবনসমূহ কনডেম ঘোষণা ও নিলামে অপসারণের জন্য বিগত ১৩/০৮/২০২৫ ইং তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা, মহোদয়ের অফিস কর্তৃক স্মারক নং- ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৭৬.২০-৬৩ এর আলোকে অনুমোদিত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ০৪/১১/২০২৫ ইং তারিখ রোজ মঙ্গলবার দুপুর ১২.৩০ ঘটিকার সময় উপজেলা পরিষদের মিনি সভাকক্ষে প্রকাশ্য নিলামে বিক্রয় করা হবে। নিলাম ডাক গ্রহণে ইচ্ছুক প্রার্থীগণকে নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত স্থানে উপস্থিত থেকে নিলাম ডাকে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত উক্ত নিলামের নিরাপত্তা জামানতের টাকা জমা গ্রহণ করা হবে।

ভবন সমূহ জবা ৪নং কোয়ার্টার ভবন, পদ্মা ৫নং কোয়ার্টার ভবন, সাটুরিয়া উপজেলায় অফিসার্স ক্লাবের সিআইসিট ভবন, উপজেলা পরিষদের পুরাতন পানির পাম্প বিল্ডিং ও পরিত্যক্ত টয়লেট ও উপজেলা পরিষদের পুরাতন হলরুম।

-ঃ শর্তাবলী :-

- ১। ডাকে অংশ গ্রহণকারীকে নগদ = ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা জামানত হিসাবে জমা দিয়ে অংশ গ্রহণ করতে হবে।
- ২। সর্বোচ্চ ডাককারীকে ডাককৃত মূল্যের উপর সরকারি নিয়মানুযায়ী ভ্যাট ও আয়করসহ সমুদয় অর্থ ডাক শেষ হওয়ার ১(এক) দিনের মধ্যে নিলামকারীর দপ্তরে জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে।
- ৩। নিলাম অনুমোদনের ৩০(ত্রিশ) দিনের মধ্যে নিজ খরচে ডাককারীকে উক্ত ভবনসমূহ অপসারণ করতে হবে। অন্যথায়, ডাক বাতিল বলে গণ্য হবে। উক্ত ভবনসমূহ অপসারণের সময় যানমালের কোন প্রকার ক্ষতি হলে তার দায় দায়িত্ব নিলাম ডাককারীকে বহন করতে হবে।
- ৪। কর্তৃপক্ষ যে কোন ডাক গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
২৭.১০.২০২৫  
(মোঃ ইকবাল হোসেন)

সভাপতি  
নিলাম ডাক কমিটি

ও  
প্রশাসক, উপজেলা পরিষদ এবং  
নির্বাহী অফিসার,  
সাটুরিয়া, মানিকগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ২। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, মানিকগঞ্জ।
- ৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সাটুরিয়া, মানিকগঞ্জ।
- ৪। নোটিশ বোর্ড।